

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৫.০০২.০১.০০.০০২.২০১৭-৫১৭

তারিখ : ২২ নভেম্বর ২০১৭


প্রেরক : ড. কে এম কামরুজ্জামান সেলিম  
উপসচিব  
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার (১১ তলা)  
মালিবাগ মোড়, ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত “পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প” (কোড নম্বর- ৫০৫৬) এর অনুকূলে জিওবি খাতে বরাদ্দকৃত সিডি ভ্যাট-এর অর্থ ছাড়করণ।

উপরোক্ত বিষয়ের আলোকে ঢাকা ওয়াসার “পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প” (কোড নম্বর- ৫০৫৬), স্থানীয় সরকার বিভাগের কোড নং-৩৭০৫, হিসাব চলতি নং-৬২৪ এর অনুকূলে নিম্নরূপ শর্ত সাপেক্ষে শুল্ক ও মূল্য সংযোজন কর (সিডি ভ্যাট) পরিশোধ বাবদ জিওবি খাতের বরাদ্দ হতে ৭৫০০.০০ লক্ষ (পঁচাত্তর কোটি) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

- (১) এ ব্যয় বর্তমান অর্থ বৎসরে (২০১৭-২০১৮) বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ (কোড- ৩৭) “পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প” (কোড নম্বর- ৫০৫৬), হতে বহন করতে হবে
- (২) এই অর্থ অনুদান/বিনিয়োগ/ঋণ হিসাবে মঞ্জুর করা হল;
- (৩) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা কর্তৃক প্রতিস্থাপিত বিল দাখিল করতে হবে এবং শুল্ক আইনের ৩৪ নং ধারা অনুযায়ী ৭৫০০.০০ লক্ষ (পঁচাত্তর কোটি) টাকা কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর আওতাধীন সোনালী ব্যাংকের রাজস্ব শাখার হিসাব চলতি নং-৬২৪ এর অনুকূলে চেক জারী করতে হবে;
- (৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (৫) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৮ এর মধ্যে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (৬) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
- (৭) ঢাকা ওয়াসার “পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প” (কোড নম্বর- ৫০৫৬) এর মালামাল ও যন্ত্রাংশ সংগ্রহে প্রযোজ্য হবে;
- (৮) অনুমোদিত ডিপিপি প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না।

  
22/11/2017

(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

উপসচিব

ফোন- ৯৫৪০৩৭০

watersupply\_02@yahoo.com

অনুলিপি : (সদয় অবগতির জন্য)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।